

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: হাবিবুর রহমান অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৬ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১:০০ টা
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব (যুগ্মসচিব, প্রশাসন-১ শাখা) কে অনুরোধ করা হলে নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয়:

১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ কার্যক্রমের আওতায় সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন করার উপর বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক দেখা যায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ১১ ডিসেম্বর ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে। কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ ২২ ডিসেম্বর ২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে।

তবে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী কিছু কিছু ক্ষেত্রে ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় জিআরএস অংশসহ মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণ করার বিষয়ে বিশদ আলোচনা হয়।

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ করার সময় বাংলা শব্দ লেখার ক্ষেত্রে নিকস ফন্ট এবং ইংরেজী শব্দ লেখার ক্ষেত্রে Times New Roman ফন্ট ব্যবহার করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সভায় স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে সেবা অধিকতর সহজিকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, যোগাযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদ করার জন্য অধিকতর গুরুত্বআরোপ করা হয়।

১.২ সিদ্ধান্ত:

(ক) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় জিআরএস অংশসহ সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক অনুসরণ করতে হবে;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ করার সময় বাংলা শব্দ লেখার ক্ষেত্রে নিকস ফন্ট এবং ইংরেজী শব্দ লেখার ক্ষেত্রে Times New Roman ফন্ট ব্যবহার করতে হবে;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে সেবা অধিকতর সহজিকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, যোগাযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদ করার জন্য অধিকতর গুরুত্বআরোপ করতে হবে।

২.০ আলোচ্য বিষয়: বিবিধ।

২.১ আলোচনা: সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত হালনাগাদ ও পরিবীক্ষণ কমিটি সমন্বয়পূর্বক যৌথভাবে কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিবীক্ষণ কমিটি স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিকে পরিবীক্ষণ কার্যক্রম সম্পন্নপূর্বক স্ব স্ব অফিসের অফিস প্রধান এবং উর্ধ্বতন অফিসকে অবহিত করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত প্রকাশ করেন। স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে তা সমাধানের বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

২.২ সিদ্ধান্ত:

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত হালনাগাদ ও পরিবীক্ষণ কমিটি সমন্বয়পূর্বক কাজ করতে হবে;

(খ) স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে তা সমাধানের বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।


সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: হাবিবুর রহমান
অতিরিক্ত সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



দিলসাদ বেগম

যুগ্মসচিব